

ফেনীর পাবলিক কলেজের নাম জয়নাল হাজারী কলেজ করা হয়েছে

ফেনী প্রতিবিম্ব:

সব ছাত্রনা-কনানা ও নাটকীয়তার অবস্থান ঘটিয়ে ফেনী পাবলিক কলেজের নামটিকে মুখে জয়নাল হাজারী কলেজ শেখা হয়েছে। উচ্চ আদালতের নির্দেশে কলেজ কর্তৃপক্ষ কলেজটির নাম পরিবর্তন করেছেন। জানা যায়, ১৯৯৪ সালে ফেনীর প্রশাসন ১৫ স্থানীয় বিদ্যোৎসাহী ব্যক্তিদের সাহায্যে সাবেক প্রধানমন্ত্রী খালেদা হিয়া শহরের দক্ষিণে লালপাশ এলাকায় কলেজটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার গঠনের পর ফেনীর সাবেক সংসদ ছয়নাল হাজারী কলেজটির পরিচালনা কমিটির সভাপতি নির্বাচিত হন। ২০০০ সালের জুন মাসে জয়নাল হাজারী সরকারের বিধি মোতাবেক পাবলিক কলেজের কোম্পায়ে ১৫ লাখ টাকা জমা নিয়ে কলেজটির নাম পরিবর্তন করে পাবলিক কলেজ থেকে জয়নাল হাজারী কলেজ নামকরণ করেন। একই সঙ্গে শিক্ষার মান উন্নয়নের জন্য ছাত্রছাত্রীদের অবৈতনিক, শিক্ষকদের বেতন বৃদ্ধি ও কলেজটিতে রাজনীতিমুক্ত ক্যাম্পাস বলে ঘোষণা করেন। ২০০১ সালে জোট সরকার সমতায় আসার পর সরকারের নিয়মনিতির ত্যাগাভা না করে হাজারী কলেজের নামটি মুছে ফেনী পাবলিক কলেজ নামকরণ করা হয়। জয়নাল হাজারী অবৈধ নামকরণের বিরুদ্ধে হাইকোর্টে মামলা করলে দীর্ঘ তর্জানির পর ২০০৮ সালের ৪ এপ্রিল হাইকোর্ট জয়নাল হাজারীর নামে কলেজটির নামকরণের জন্য আদেশ দেন।